AD-PIW

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
শাখা-৪ (সমন্বয়)
www.moedu.gov.bd

| পরিচালক | |
|---|---|
| প্রশাসন | |
| পরিঃ ও উন্নঃ | |
| পি, আই, ইউ | |
| পি, আই, ডব্লিউ | ✓ |
| ডোকেশনাল | |
| মহাপরিচালক | |
| তারিখঃ ২২/৯/১৬ | |

নং-৩৭.০০.০০০০.০৬৫.২৯.০৫৬.১৬-৪৭২ তারিখ: ০৫ আশ্বিন, ১৪২৩ / ২০ সেপ্টেম্বর, ২০১৬

বিষয় : **জেলা প্রশাসক সম্মেলন ২০১৫-এ গৃহীত শিক্ষা মন্ত্রণালয় সংশ্লিষ্ট সিদ্ধান্ত বাস্তবায়ন।**

সূত্র : মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং: ০৪.০০.০০০০.৫১৪.০৬.০০৫.২০১৬-৮১৫, তারিখ: ০১ সেপ্টেম্বর, ২০১৬।

সূত্রোক্ত স্মারকে মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত জেলা প্রশাসক সম্মেলন ২০১৬-এ গৃহীত শিক্ষা মন্ত্রণালয় সংশ্লিষ্ট সিদ্ধান্তসমূহের ছায়ালিপি এতদ্সংগে প্রেরণ করা হলো। প্রেরিত সিদ্ধান্তসমূহের মধ্যে তাঁর অধিক্ষেত্র সংশ্লিষ্ট সিদ্ধান্ত/সিদ্ধান্তসমূহের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক গৃহীত কার্যক্রম সংক্রান্ত প্রতিবেদন নিয়মিতভাবে প্রতিমাসের ০৩ তারিখের মধ্যে হালনাগাদ করে শাখা-৪ (সমন্বয়) এ [ই-মেইল: sas_s4@ moedu. gov.bd এবং Word Document হিসেবে Nikosh ফন্টে] প্রেরণ নিশ্চিতকরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে -০৩ (তিন) পাতা।

২০.৯.১৬

(মোঃ সারওয়ার হোসেন)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৭৭০৯৭
ই-মেইল: sas_s4@moedu.gov.bd

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :**

১. চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
[দৃ. আ.- সচিব, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, ঢাকা]
২. অতিরিক্ত সচিব (উন্নয়ন, বিশ্ববিদ্যালয়, অডিট ও আইন, মাধ্যমিক-১ ও ২, মাদ্রাসা, কারিগরি, কলেজ), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৪. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৫. মহাপরিচালক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৬. যুগ্ম-প্রধান (পরিকল্পনা), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. মহাপরিচালক, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম), ঢাকা।
৮. মহাপরিচালক, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট, ঢাকা।
৯. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা ও সভাপতি, আন্ত:শিক্ষা বোর্ড সমন্বয় সাব-কমিটি।
১০. চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড-বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
১১. চেয়ারম্যান, এন.সি.টি.বি., মতিঝিল, ঢাকা।
১২. প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
১৩. পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, ঢাকা।

**অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :**

১. সচিবের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. যুগ্মসচিব (প্রশাসন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
[যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য]।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.techedu.gov.bd

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৬৩.৩২.০১২.১৬- ৪৬৪ তারিখ ঃ ২৮ সেপ্টেম্বর, ২০১৬খ্রিঃ।

বিষয় ঃ জেলা প্রশাসক সম্মেলন ২০১৫- এ গৃহীত শিক্ষা মন্ত্রণালয় সংশ্লিষ্ট-সিদ্ধান্ত বাস্তবায়ন প্রসঙ্গে।

শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৫.২৯.০৫৬.১৬-৪৭২, তারিখ ঃ ২০ সেপ্টেম্বর ২০১৬খ্রিঃ মোতাবেক প্রদত্ত পত্রখানা সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণের নিমিত্ত পৃষ্ঠাংকন করে প্রেরণ করা হ'ল।

১-৪ । পরিচালক (প্রশাসন/পরিঃ ও উন্নঃ/পিআইইউ/ভোকেশনাল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৫-৮ । অধ্যক্ষ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ/সিলেট ইঞ্জিনিয়ারিং কলেজ/ময়মনসিংহ ইঞ্জিনিয়ারিং কলেজ ফরিদপুর ইঞ্জিনিয়ারিং কলেজ।
৯-৫৯ । অধ্যক্ষ, ----সকল----পলিটেকনিক ইনস্টিটিউট/বাংলাদেশ ইনস্টিটিউট অব গ্লাসএন্ড সিরামিক/বাংলাদেশ ইনস্টিটিউট অব গ্রাফিক আর্টস/বাংলাদেশ সার্ভে ইনস্টিটিউট/ফেনী কম্পিউটার ইনস্টিটিউট, ফেনী/ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট, বগুড়া।
৬০ । জনাব মোঃ সারওয়ার হোসেন, সিনিয়র সহকারী সচিব (সংসদ ও সমন্বয়), শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৬১-১২৪ । অধ্যক্ষ, টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, ----সকল----।
১২৫ । সংযুক্ত কর্মকর্তা, ICT সেল, পত্রখানা জরুরী ভিত্তিতে ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।
১২৬ । পিএ টু মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
১২৭ । নথি।

(স্বাক্ষর) ২৮/৯/১৬

(ড. শেখ আবু রেজা)
পরিচালক (পিআইডব্লিউ)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

(স্বাক্ষর) ২৮/৯/১৬

E:\Nandi All File\ALL DTE\MINISTRY-2016\Andous\Andous.doc

যুগ্ম-সচিব (প্রশাসন) এর দপ্তর
ডায়েরী নং ২৬৭০ তারিখ ৭.৯.১৬
জরুরী/ব্যবস্থা নিন/আলাপ করুন।
যুগ্ম-সচিব (প্রঃ)
উপ/সিসস/সস(প্র)/সঃ/সমঃ/সেঃ/সিসিএ/হিরক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সমন্বয় অধিশাখা
www.cabinet.gov.bd

স্মারক নম্বর- ০৪.০০.০০০০.৫১৪.০৬.০০৫.২০১৬-৮১৫

তারিখ: ১৭ ভাদ্র ১৪২৩ / ০১ সেপ্টেম্বর ২০১৬

বিষয়: জেলা প্রশাসক সম্মেলন ২০১৬-এর সিদ্ধান্ত বাস্তবায়ন।

জেলা প্রশাসক সম্মেলন ২০১৬-তে আলোচনার জন্য জেলা প্রশাসক/বিভাগীয় কমিশনারগণের নিকট হতে প্রাপ্ত বিভিন্ন সম্ভাবনা/সমস্যা ও সুপারিশমালার বিষয়ে ইতঃপূর্বে তাঁর কার্যালয়/মন্ত্রণালয়/বিভাগ থেকে মতামত পাওয়া গেছে। উক্ত মতামত সন্নিবেশিত করে জেলা প্রশাসক সম্মেলন ২০১৬-এর কার্যপত্র প্রস্তুত করা হয়েছে। অধিকন্তু, সম্মেলনের অধিবেশনগুলিতে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের মাননীয় মন্ত্রী/উপদেষ্টা/প্রতিমন্ত্রী/উপমন্ত্রী ও সিনিয়র সচিব/সচিবের উপস্থিতিতে জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনারগণ আরও কিছু প্রস্তাব/মতামত বা সুপারিশ উপস্থাপন করেন। সম্মেলনের কার্যপত্র এবং সম্মেলনে উত্থাপিত প্রস্তাব/মতামত বা সুপারিশের ভিত্তিতে গৃহীত সিদ্ধান্তসমূহ প্রতিফলিত করে জেলা প্রশাসক সম্মেলন ২০১৬-এর কার্যবিবরণী প্রস্তুত করা হয়েছে। কাজের সুবিধার্থে তাঁর কার্যালয়/মন্ত্রণালয়/বিভাগ-সংশ্লিষ্ট কার্যবিবরণীর সংশ্লিষ্ট অংশ এইসঙ্গে প্রেরণ করা হল।

০২। কার্যবিবরণীর তাঁর কার্যালয়/মন্ত্রণালয়/বিভাগ-সংশ্লিষ্ট সিদ্ধান্তসমূহ বাস্তবায়নপূর্বক বাস্তবায়ন সংক্রান্ত অগ্রগতির প্রতিবেদন প্রতি মাসের ১০ তারিখের মধ্যে সিনিয়র সহকারী সচিব, মাঠ প্রশাসন সমন্বয় শাখা, মন্ত্রিপরিষদ বিভাগে (ই-মেইল নম্বর: faco_sec@cabinet.gov.bd) প্রেরণের জন্য অনুরোধ করা হল।

০৩। উল্লেখ্য, জেলা প্রশাসক সম্মেলনে গৃহীত স্বল্পমেয়াদি সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন মন্ত্রিপরিষদ বিভাগের অন্যতম প্রধান কর্মকৃতি নির্দেশক (কে,পি,আই)। জেলা প্রশাসক সম্মেলন ২০১৫-তে গৃহীত মোট ৪৭৮ টি সিদ্ধান্তে মধ্যে ৪৪৮ টি সিদ্ধান্ত ইতোমধ্যে বাস্তবায়িত/নিষ্পন্ন হয়েছে। তাঁর কার্যালয়/মন্ত্রণালয়/বিভাগ-সংশ্লিষ্ট গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন করায় মন্ত্রিপরিষদ বিভাগের পক্ষ থেকে ধন্যবাদ জ্ঞাপন করা হল। ২০১৬ সনে অনুষ্ঠিত জেলা প্রশাসক সম্মেলনে গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে অনুরূপ কার্যক্রম গ্রহণের জন্য সবিনয় অনুরোধ করা হল।

সংযুক্ত: বর্ণনামতে দুই পৃষ্ঠা।

(মোঃ মাকছুদুর রহমান পাটওয়ারী)
অতিরিক্ত সচিব (জেমাপ্র)
ফোন: ৯৫৭৩৮৩৩

বিতরণ:

১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২। সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব শিক্ষা মন্ত্রণালয় ------------------মন্ত্রণালয়/বিভাগ।
৩। জেলা প্রশাসক, .......................... (সকল)

শিক্ষা সচিবের দপ্তর
ডায়েরী নং / তারিখ

| | |
|---|---|
| ☐ অতিঃ সচিব (প্রশাসন ও অর্থ) | ☐ অতিঃ সচিব (উন্নয়ন) |
| ☐ অতিঃ সচিব (বিশ্ববিদ্যালয়) | ☐ অতিঃ সচিব (অডিট ও আইন) |
| ☐ অতিঃ সচিব (কারিগরী) | ☐ অতিঃ সচিব (মাধ্যমিক) |
| ☐ অতিঃ সচিব (মাদ্রাসা) | ☐ প্রধান পরিকল্পনা |
| ☐ অতিঃ সচিব (কলেজ) | |

সচিব

অনুলিপি:

১। বিভাগীয় কমিশনার, ..................... (সকল)-বিষয়টি নিয়মিতভাবে মনিটরিং করার অনুরোধসহ।
২। মাননীয় মন্ত্রী/উপদেষ্টা/প্রতিমন্ত্রী/উপমন্ত্রীর একান্ত সচিব
-------------------------------------------

অতিঃ সচিব (প্রঃ ও অঃ) এর দপ্তর

| | |
|---|---|
| ☐ অতিঃ সচিব (উন্নয়ন) | ☐ যুগ্ম-সচিব (প্রশাসন/বাজেট) |
| ☐ অতিঃ সচিব (বিশ্ববিদ্যালয়) | ☐ যুগ্ম-সচিব (মাধ্যমিক-১/২) |
| ☐ অতিঃ সচিব (মাদ্রাসা/কারিগরি) | ☐ সিনিয়র সহকারী সচিব (সমন্বয়) |
| ☐ যুগ্ম-সচিব (কলেজ) | ☐ উপ-সচিব (প্রশিক্ষণ) |
| ☐ যুগ্ম-সচিব (অডিট ও আইন) | ☐ সিনিয়র সিস্টেম এনালিস্ট |
| ☐ যুগ্ম-প্রধান (পরিকল্পনা) | ☐ লাইব্রেরী |
| ☐ সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১) | ☐ ব্যক্তিগত কর্মকর্তা |
| ☐ সহকারী সচিব সেবা | |
| | অতিরিক্ত সচিব (প্রঃ ও অঃ) |

A10
নির্দেশনামতে ব্যবস্থা নিন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-৭ (ভোকেশনাল-২)
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.techedu.gov.bd

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০২৩.০৭.০৬৮.১৩ – ৬৭৪ তারিখঃ২৭/৯/২০১৬ খ্রিঃ

**বিষয় ঃ ২০১৬-১৭ অর্থ বছরে অসম্পূর্ণ 'বার্ষিক ক্রয় পরিকল্পনা' অনুমোদনের প্রস্তাব প্রেরণ প্রসঙ্গে।**

সূত্র ঃ স্মারক নং টিএসসি/দিনাজ/হিসাব-৩৩/৩৩৯২, তারিখ: ২০/৯/২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০১৬-১৭ অর্থ বছরে তাঁর প্রতিষ্ঠানের মালামাল/যন্ত্রপাতি ক্রয়ের নিমিত্ত অনুমোদনের জন্য প্রস্তাবিত 'Annual Procurement Plan' এবং সংযুক্ত মালামাল/যন্ত্রপাতির তালিকায় নিম্ন বর্ণিত অসঙ্গতি পরিলক্ষিত হয়-

ক) পিপিআর-২০০৮ এ বিদ্যমান "Annual Procurement Plan" এর ছক ক্রয় প্রক্রিয়াকরণের তারিখসহ যথাযথভাবে পূরণ করা হয়নি।
খ) প্রাক্কলিত মূল্যসহ সংযুক্ত মালামাল/যন্ত্রপাতির তালিকায় সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানগণের স্বাক্ষর ব্যতীত শুধুমাত্র অধ্যক্ষের একক স্বাক্ষর রয়েছে।
গ) মালামাল/যন্ত্রপাতির তালিকায় অর্থনৈতিক কোড উল্লেখ থাকলেও কোডের বিবরণ উল্লেখ করা হয়নি।
ঘ) ৪৯০০-মেরামত ও সংরক্ষণ উপখাতের আওতায় সংযুক্ত মালামাল/যন্ত্রপাতির তালিকায় টেকনিক্যাল স্পেশেফিকেশন এর ঘরে সুনির্দিষ্ট বিবরণ না লিখে As Per Sample/As Per Requirement লেখা রয়েছে।
ঙ) ৬৮০০-সম্পদ সংগ্রহ/ক্রয় উপখাতের অধীনে সম্পদ না চেয়ে নষ্টযোগ্য/কাঁচামাল ও খুচরা যন্ত্রাংশ ক্রয়ের জন প্রস্তাব করা হয়েছে
চ) ৪৮০০-সরবরাহ ও সেবা উপখাতে নষ্টযোগ্য/কাঁচামাল ও খুচরা যন্ত্রাংশ ক্রয়ের প্রস্তাব না করে যন্ত্রপাতি বা সম্পদ ক্রয়ের জন্য প্রস্তাব প্রেরণ করা হয়েছে।
ছ) খেলাধূলা সামগ্রী উপখাতে আসবাব পত্র ক্রয়ের জন্য প্রস্তাব প্রেরণ করেছেন।
জ) একই ধরণের মালামাল/যন্ত্রপাতি একাধিক উপখাতের অধীনে ক্রয়ের জন্য প্রস্তাব প্রেরণ করা হয়েছে।
ঝ) সর্বোপরি তাঁর প্রতিষ্ঠানে বরাদ্দকৃত বাজেটে উল্লিখিত উপখাতের অধীনে সংশ্লিষ্ট মালামাল/যন্ত্রপাতির তালিকা প্রেরণ না করে হ য ব র ল তালিকা প্রেরণ করেছেন।
ঞ) টিওএন্ডইভূক্ত মোটর যানবাহন না থাকা সত্ত্বেও ৪৯০১-মোটর যানবাহন মেরামত উপখাতের যন্ত্রপাতির তালিকা অনুমোদনের জন্য প্রস্তাব প্রেরণ করা হয়েছে।

২০১৬-১৭ অর্থ বছরের 'বার্ষিক ক্রয় পরিকল্পনা' (APP) প্রণয়ন করে অধিদপ্তরে প্রেরণের জন্য অত্র অধিদপ্তরের স্মারক নং ৩৭.০৩.০০০০.০২৩.২০.০০১.১৬-৬৪৭(৮৭), তারিখ ঃ ১৭/৭/২০১৬ খ্রিঃ মুলে পূরণকৃত 'বার্ষিক ক্রয় পরিকল্পনা' এর নমুনা ছক সম্বলিত পত্র প্রেরণ করা হয়।

তাছাড়া, বিভাগীয় প্রধান এবং অধ্যক্ষগণকে সরকারি তহবিলের অর্থ দ্বারা পণ্য, কার্য বা সেবা ক্রয় এবং আনুষঙ্গিক বিষয়ে একাধিকবার প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

এমতাবস্থায়, পিপিআর-২০০৮ এ বিদ্যমান সুনির্দিষ্ট ছক, অধিদপ্তর হতে পূরণকৃত নমুনা ছক এবং এ বিষয়ে প্রশিক্ষণ থাকা সত্ত্বেও কেন অসম্পূর্ণ 'বার্ষিক ক্রয় পরিকল্পনা' প্রণয়ন এবং উপরে বর্ণিত দফা খ) হতে ঞ) পর্যন্ত মালামাল/যন্ত্রপাতির ত্রুটিপূর্ণ তালিকা প্রস্তুত করে 'বার্ষিক ক্রয় পরিকল্পনা' অনুমোদনের জন্য অধিদপ্তরে প্রস্তাব করা হয়েছে তা পত্র প্রাপ্তির পর ০৩(তিন) কার্য দিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর নিকট ব্যাখ্যা প্রদান এবং পিপিআর-২০০৮ এ বিদ্যমান বিধি মোতাবেক সঠিকভাবে APP তৈরি করে পুনরায় অনুমোদনের জন্য প্রস্তাব প্রেরণের অনুরোধ করা হলো।

২৭.৯.২০১৬
(মোঃ মিজানুর রহমান)
যুগ্মসচিব
পরিচালক (ভোকেশনাল)
ফোন ঃ ০২-৯১১১০২৩।

প্রাপক ঃ
অধ্যক্ষ
দিনাজপুর টেকনিক্যাল স্কুল ও কলেজ
দিনাজপুর ।

অনুলিপি ঃ
০১। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা। তাঁকে অত্র পত্রখানা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।

D:Budget(16-17)/DTE-Annu ProPlan & Raw materials/p- 7

## শিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত বিষয়াদি

(ক) স্বল্পমেয়াদি

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ০১. | জঙ্গিবাদ, সন্ত্রাসবাদ দমনে শিক্ষক, অভিভাবক ও ছাত্র-ছাত্রীদের সচেতন করতে হবে। | জেলা প্রশাসক |
| ০২. | সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের ভর্তি নীতিমালায় প্রবাসীদের জন্য কোটা অন্তর্ভুক্ত করার বিষয়টি বিবেচনা করতে হবে। | শিক্ষা মন্ত্রণালয় |
| ০৩. | পাবলিক পরীক্ষাসমূহ (অপরাধ) আইন, ১৯৮০-এ পরীক্ষার্থীকে সহায়তাকারীর ন্যায় পরীক্ষার্থীরও শাস্তির বিধান সংযোজন করতে হবে। | শিক্ষা মন্ত্রণালয় |
| ০৪. | পরীক্ষা-নিরীক্ষাক্রমে মাধ্যমিক (সাধারণ, মাদ্রাসা, কারিগরি) শিক্ষার মান উন্নয়নে ও তদারকির নিমিত্ত উপজেলা/জেলা পর্যায়ে মাধ্যমিক শিক্ষা উন্নয়ন সংক্রান্ত কমিটি গঠন করতে হবে। | শিক্ষা মন্ত্রণালয় |
| ০৫. | ভূমি সংক্রান্ত বিষয়াবলী মাধ্যমিক শিক্ষা পর্যায়ের পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত করত হবে। | শিক্ষা মন্ত্রণালয় |
| ০৬. | কোচিং-ব্যবসা বন্ধে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। | শিক্ষা মন্ত্রণালয় |
| ০৭. | পিস স্কুল বন্ধ করতে হবে। | শিক্ষা মন্ত্রণালয় |

(খ) মধ্যমেয়াদি

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ০১. | জাতীয় বিশ্ববিদ্যালয়ের স্টাফ প্যাটার্ন অনুযায়ী চাঁদপুর সরকারি কলেজে পর্যাপ্ত সংখ্যক নতুন পদ সৃজন এবং বহুতল বিশিষ্ট একটি প্রশাসনিক-কাম-একাডেমিক ভবন নির্মাণ করতে হবে। | শিক্ষা মন্ত্রণালয় |
| ০২. | চাঁদপুর জেলাধীন বাবুরহাট টেকনিক্যাল স্কুলে আরও জনবল বৃদ্ধি করতে হবে। | শিক্ষা মন্ত্রণালয় |
| ০৩. | শহরের শিক্ষকদের পাশাপাশি পর্যায়ক্রমে গ্রামের শিক্ষকদেরও আনুপাতিকহারে প্রশিক্ষণ প্রদান করতে হবে। | শিক্ষা মন্ত্রণালয় |
| ০৪. | শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে অডিটের ব্যবস্থা করতে হবে। | শিক্ষা মন্ত্রণালয় |
| ০৫. | শিক্ষা প্রতিষ্ঠানে কাউন্সিলর নিয়োগের বিষয়ে উদ্যোগ নিতে হবে। | শিক্ষা মন্ত্রণালয় |

(গ) দীর্ঘমেয়াদি

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ০১. | বি. এড. প্রশিক্ষণ কার্যক্রম আরও জোরদার করতে হবে। | শিক্ষা মন্ত্রণালয় |
| ০২. | পর্যায়ক্রমে প্রত্যেক জেলায় শিক্ষা প্রকৌশল কার্যালয় স্থাপন এবং নির্বাহী প্রকৌশলীর পদ সৃজন করতে হবে। | শিক্ষা মন্ত্রণালয় |
| ০৩. | পঞ্চগড় জেলায় স্কাউট ভবন নির্মাণের উদ্যোগ নিতে হবে। | শিক্ষা মন্ত্রণালয় |
| ০৪. | পর্যায়ক্রমে সকল সরকারি বিদ্যালয়/মহাবিদ্যালয়ের শূন্যপদ পূরণ করতে হবে। | শিক্ষা মন্ত্রণালয় |
| ০৫. | ময়মনসিংহে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড স্থাপনের উদ্যোগ গ্রহণ করতে হবে। | শিক্ষা মন্ত্রণালয় |
| ০৬. | প্রতিবন্ধী শিশুদের শিক্ষার সুযোগ অবারিত করার জন্য পরীক্ষা-নিরীক্ষাক্রমে পর্যায়ক্রমে প্রত্যেক বৃহত্তর জেলায় অন্ততঃ একটি করে বিশেষায়িত শিক্ষা | শিক্ষা মন্ত্রণালয় |

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| | প্রতিষ্ঠান স্থাপনের উদ্যোগ গ্রহণ করতে হবে। | |
| ০৭. | কারিগরি শিক্ষার প্রসার ও বেকারত্ব হ্রাসকরণে পর্যায়ক্রমে সকল উপজেলায় একটি করে কারিগরি স্কুল ও কলেজ প্রতিষ্ঠার উদ্যোগ গ্রহণ করতে হবে। | শিক্ষা মন্ত্রণালয় |
| ০৮. | ময়মনসিংহ শিক্ষা বোর্ড স্থাপন করতে হবে। | শিক্ষা মন্ত্রণালয় |
| ০৯. | কালসিন্ধু স্কুলের ভবন নির্মাণ করতে হবে। | শিক্ষা মন্ত্রণালয় |